# কারেন্ট অ্যাফেয়ার্স

১৪ জানুয়ারি-১৮ জানুয়ারি

**১৪ জানুয়ারি** বিশিষ্ট সাংবাদিক কামাল খান (৬১) হৃদরোগে আক্রান্ত হয়ে প্রয়াত হলেন। আগের দিন পর্যন্তও উত্তরপ্রদেশের ভোট নিয়ে তাঁর বিশ্লেষণ মূলক রিপোর্টিং দর্শকদের মুগ্ধ করেছে। তিন দশকেরও বেশি সময় ধরে এনডিটিভি নিউজ চ্যানেলের সঙ্গে যুক্ত ছিলেন। কামালের মৃত্যুতে রাজনৈতিক দল নির্বিশেষে নেতা-নেত্রীরা শোকপ্রকাশ করেছেন।

**পাকিস্তানে প্রথম জাতীয় নিরাপত্তা নীতি** চালু করলেন পাক প্রধানমন্ত্রী ইমরান খান। সেদেশে নিরাপত্তা নীতি আগেও ছিল, যদিও তার লক্ষ্য ছিল মূলত পাক সেনার উপর। নয়া নিরাপত্তা নীতিতে প্রধান লক্ষ্য হবে নাগরিককেন্দ্রিক অর্থনৈতিক উন্নয়ন। পাক প্রধানমন্ত্রী বলেছেন, 'আমাদের বুঝতে হবে যে, দেশবাসীর অর্থনৈতিক নিরাপত্তা নিশ্চিত করতে পারলেই দেশের সার্বিক নিরাপত্তা রক্ষিত হবে।'

**যৌন নির্যাতনের মামলায় নাম জড়ানোয়** নানাবিধ সামরিক পদ এবং রাজকীয় মর্যাদা হারালেন প্রিন্স অ্যান্ড্রু। ব্রিটেনের রানি দ্বিতীয় এলিজাবেথ-এর দ্বিতীয় পুত্র তিনি। এক মার্কিন মহিলার অভিযোগের ভিত্তিতে নিউ ইয়র্কের আদালত প্রিন্স অ্যান্ড্রুর বিরুদ্ধে বিচার প্রক্রিয়া শুরু করার সিদ্ধান্ত ঘোষণা করার পরেই রানি নিজেই তাঁর ছেলের পদ ও পদবি বাতিল করেন বলে খবরে প্রকাশ। বাকিংহাম প্যালেস এক বিবৃতি দিয়ে জানিয়ে দেয় শরীরে রাজরক্ত থাকলেও একজন সাধারণ ব্রিটিশ নাগরিক হিসেবেই প্রিন্স অ্যান্ড্রুকে এই মামলা লড়তে হবে।

**অস্ট্রেলিয়ায় আদালত জকোভিচের ভিসা** বহাল রাখলেও অন্য যুক্তি দেখিয়ে আবারও তাঁর ভিসা বাতিল করল অস্ট্রেলিয়া সরকার। বিশ্বের এক নম্বর টেনিস তারকার ভিসা বাতিলের কথা ঘোষণা করেছেন অস্ট্রেলীয় অভিবাসন মন্ত্রী অ্যালেক্স হক। সে দেশের প্রধানমন্ত্রী স্কট মরিসন এই সিদ্ধান্তকে সমর্থন করে মন্তব্য করেন, 'অস্ট্রেলিয়ার মানুষ এই দু'বছরে অতিমারীতে অনেক আত্মত্যাগ করেছে। এই ভিসা বাতিল সেই আত্মত্যাগকে রক্ষা করার জন্য।' উল্লেখ্য, স্বাস্থ্য এবং উপযুক্ত আইনের স্বার্থে দ্বিতীয়বার জকোভিচের ভিসা বাতিল হয়েছে।

**১৫ জানুয়ারি** করোনা সংক্রমণের বাড়বাড়ন্তের জন্য রাজ্যের চার পুরনিগমের ভোট তিন সপ্তাহ পিছিয়ে দিল রাজ্য নির্বাচন কমিশন। পূর্ব-নির্ধারিত ২২ জানুয়ারির বদলে বিধাননগর, চন্দননগর, আসানসোল এবং শিলিগুড়ি পুরনিগমের ভোটগ্রহণ হবে ১২ ফেব্রুয়ারি। দীর্ঘ টানাপড়েনের পর রাজ্য সরকারের সম্মতি নিয়ে ভোট পিছনোর বিজ্ঞপ্তি জারি করেছে কমিশন। এরপর ২৭ ফেব্রুয়ারি রাজ্যের বাকি ১০৮টি পুরসভার ভোট নেওয়ার কথা।

## প্রয়াত বিরজু মহারাজ



১৭ জানুয়ারি: প্রয়াত হলেন কত্থকের প্রাণপুরুষ পণ্ডিত বিরজু মহারাজ (৮৩)। কত্থকের প্রবাদপ্রতিম হিসেবে পরিচিত হলেও তবলা এবং শাস্ত্রীয় কণ্ঠসংগীতেও পারদর্শী ছিলেন বিরজু মহারাজ। বহুমুখী এই প্রতিভার মৃত্যুতে শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়-সহ দেশের বিশিষ্ট মানুষজন। ১৯৫২ সালে কলকাতাতেই মাত্র পনের বছর বয়সে জীবনের প্রথম মঞ্চানুষ্ঠান করেন তিনি। মাত্র ২৮ বছর বয়সে সংগীত নাটক আকাদেমি পুরস্কার পান এই কিংবদন্তি। ১৯৮৩ সালে ভারত সরকারের পক্ষ থেকে পান পদ্মবিভূষণ সম্মান। এছাড়াও পেয়েছেন কালীদাস সম্মান, বঙ্গবিভূষণ-সহ আরও অনেক পুরস্কার। বহু সিনেমায় কোরিওগ্রাফারের কাজও করেছেন তিনি। সত্যজিৎ রায়ের 'শতরঞ্জ কি খিলাড়ি'র কোরিয়োগ্রাফি ছিল তাঁর অন্যতম কাজ। 'বিশ্বরূপম' ছবির জন্য পেয়েছেন জাতীয় পুরস্কার।



"মোদী শাহেনশাহের মতো দেশ চালাচ্ছেন। তিনি এমন এক রাজা, যিনি কারও কথা কানে তোলেন না, রাজ্যের সমস্যার কথায় কান দেন না। ... কংগ্রেস ১৯৪৭ সালে রাজার শাসনের ধারণাটাই ভেঙে দিয়েছিল। কিন্তু এখন রাজার শাসন আবার ফিরে এসেছে।"

রাহুল গান্ধী, *কংগ্রেস সাংসদ*
সংসদে দাঁড়িয়ে মোদী সরকারের বিরুদ্ধে সরব হয়ে

## প্রয়াত শাঁওলী মিত্র



১৬ জানুয়ারি: বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব শাঁওলী মিত্র (৭৪) প্রয়াত হলেন। প্রখ্যাত নাট্যব্যক্তিত্ব শম্ভু মিত্র-তৃপ্তি মিত্রের কন্যা নিজের বাড়িতেই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। কিন্তু তাঁর শেষ ইচ্ছাপত্র অনুযায়ী শেষকৃত্য সম্পন্ন হওয়ার পরেই তাঁর মৃত্যুর খবর সকলকে জানানো হয়। তাঁর বাবা শম্ভু মিত্রেরও নির্দেশ ছিল এমনটাই যা ১৯৯৭ সালে তাঁর মৃত্যুর পরে অক্ষরে অক্ষরে পালন করেন শাঁওলী। অভিনয় করেছেন, 'নাথবতী অনাথবৎ', 'গ্যালিলিও', 'বিতত বীতংস', 'ডাকঘর', 'পুতুলখেলা', 'কথা অমৃতসমান', 'একটি রাজনৈতিক হত্যা'-র মতো কালজয়ী নাটকগুলিতে। অভিনয়ের সুবাদে ২০০৯-এ পেয়েছেন পদ্মশ্রী সম্মান। এছাড়াও সম্মানিত হয়েছেন সঙ্গীত নাটক আকাদেমি (২০০৩) এবং বঙ্গবিভূষণ (২০১২) সম্মানে।

**১৬ জানুয়ারি** কোভিড অতিমারীর সঙ্কট কাটিয়ে ভারতের সমষ্টিগত অর্থনৈতিক পরিস্থিতি কিছুটা ঘুরে দাঁড়ালেও তার সুফল কেবল অর্থনীতির উপরতলাতেই সীমাবদ্ধ বলে নিজের মত প্রকাশ করলেন বিশ্বব্যাঙ্কের প্রাক্তন মুখ্য অর্থনীতিবিদ কৌশিক বসু। সংবাদসংস্থাকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, 'গত চার বছরে কেন্দ্রীয় সরকার যা অর্থনৈতিক নীতি রূপায়ন করেছেন তা কেবল বড় ব্যবসায়িক সংস্থাগুলিকে নজরে রেখে। ফলে, দেশের সামগ্রিক জিডিপি বাড়লেও অর্থনীতির তলার অর্ধ এখনও মন্দার কবলে রয়ে গিয়েছে। এটাই সবচেয়ে বড় উদ্বেগের কারণ।' উল্লেখ্য, ২০০৯ থেকে ২০১২ কৌশিক বসু ইউপিএ সরকারেরও মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা ছিলেন। এরপর ২০১২ থেকে ২০১৬ অবধি ছিলেন বিশ্বব্যাঙ্কের মুখ্য অর্থনীতিবিদ।

**নেতাজি সুভাষচন্দ্রের ১২৫তম** জন্মবার্ষিকীর প্রাক্কালে নেতাজি কন্যা অনিতা বসু পাফ 'অনিতা ডায়ালগ' শীর্ষক ধারাবাহিক আলোচনায় নেতাজি সম্পর্কে তাঁর মতামত তুলে ধরলেন। তিনি বলেন, 'রাজনীতি বা দেশের মাটি' সর্বত্রই সংহতিতে বিশ্বাসী ছিলেন নেতাজি। বিশেষ করে জেন্ডার ইকুয়ালিটি-তে তাঁর ছিল অগাধ আস্থা। একজন মহিলা হিসেবে এটা আমার কাছে খুবই বড় বিষয় বলে মনে হয়।' জেন্ডার ইকুয়ালিটির পক্ষে জোরদার সওয়াল করেছেন বলেই ব্রিটিশের বিরুদ্ধে রণাঙ্গনে তাঁর আজাদ হিন্দ ফৌজের অন্যতম গুরুত্বপূর্ণ অংশ ছিল নারী সৈনিকদের বিশেষ রেজিমেন্ট সেকথাও মনে করিয়ে দেন নেতাজি কন্যা। তবে আজকের ভারতে নানা বিভেদকামী শক্তি মাথাচাড়া দিয়ে উঠছে বলেও আক্ষেপ করেছেন তিনি যা তাঁর বাবার মতাদর্শের সঙ্গে একেবারেই মেলে না বলে জানান টেলিভিশনের ওই আলোচনাচক্রে।

**সরকারি সিদ্ধান্ত এবং আদালতের রায়ে** শেষপর্যন্ত অস্ট্রেলিয়া ছাড়তেই হল নোভাক জকোভিচকে। দ্বিতীয়বার তাঁর ভিসা বাতিলের পর আদালতে তিন বিচারপতির বেঞ্চ রায় দেয় জকোভিচের বিপক্ষেই। তাঁকে দেশ থেকে ডিপোর্টেশন অর্থাৎ বের করে দেওয়ার পক্ষে রায় দেওয়া হয়। শুধু তাই নয় বিচারে তিন বছরের জন্য অস্ট্রেলিয়া থেকে নির্বাসন দেওয়া হয়েছে জকোভিচকে। অস্ট্রেলীয় ওপেনে ২১তম গ্র্যান্ড স্লাম জিতে রজার ফেডেরার ও রাফায়েল নাদালকে পিছনে ফেলে দেওয়ার সুযোগ ছিল জকোভিচের। তাছাড়া মেলবোর্নে সবচেয়ে বেশি ন'বার চ্যাম্পিয়ন হয়েছেন জকোভিচই। যেখানে তিনি সবচেয়ে সফল সেই অস্ট্রেলীয় ওপেন না খেলেই সার্বিয়া ফিরে যেতে হল জকোভিচকে।

**ইংল্যান্ডকে ৪-০ হারিয়ে ঘরের মাঠে** অ্যাসেজ জিতল অস্ট্রেলিয়া। হোবার্টে সিরিজের পঞ্চম ও শেষ টেস্টে অস্ট্রেলিয়া ১৪৬ রানে জিতল। সিরিজের আগে বিতর্কে জড়িয়ে পড়েন অস্ট্রেলীয় ক্যাপ্টেন টিম পেইন। তাঁর বদলে নেতৃত্বের দায়িত্ব পান প্যাট কামিন্স। হোবার্টে গোলাপি টেস্টের সেরা হয়েছেন ট্রাভিস হেড। প্রথম ইনিংসে শতরান করেন তিনি। সিরিজের সেরাও হয়েছেন তিনি। সিডনিতে চতুর্থ টেস্ট ড্র করে কোনওরকমে হোয়াইটওয়াশের লজ্জা বাঁচিয়েছে ইংল্যান্ড।

## অধিনায়কত্ব ছাড়লেন বিরাট




১৫ জানুয়ারি: দক্ষিণ আফ্রিকায় সিরিজ হারের পরই টেস্ট ক্রিকেটের নেতৃত্ব থেকে নিজেকে সরিয়ে নিলেন বিরাট কোহলি। গত সেপ্টেম্বরে টি-টোয়েন্টি বিশ্বকাপের আগে ওই ফর্মাটের নেতৃত্বও ছেড়েছিলেন তিনি। এদিন নেতৃত্ব ছাড়ার পর বিদায়ী বিবৃতিতে বিরাট বলেন, 'টিমকে সঠিক দিশায় নিয়ে যাওয়ার জন্য সাত বছরের কঠোর পরিশ্রম ও টানা ধৈর্য দেখিয়ে চেষ্টা করে গিয়েছি। একটা সময়ে এসে সব কিছুতেই থামতে হয়। আমার মনে হয়, ভারতের টেস্ট ক্যাপ্টেন হিসেবে এটাই আমার থামার সময়।' প্রসঙ্গত, পরিসংখ্যান অনুযায়ী ভারতের টেস্ট ইতিহাসে সাফল্যের বিচারে সর্বকালের সেরা অধিনায়ক বিরাট। ৬৮টি টেস্টে দেশকে নেতৃত্ব দিয়ে জিতেছেন ৪০টি টেস্ট, হার ১৭, ড্র ১১। তিনি দেশের প্রথম অধিনায়ক, যিনি অস্ট্রেলিয়ায় টেস্ট সিরিজ জেতেন।

**১৭ জানুয়ারি** আবুধাবিতে এক ড্রোন হামলার জেরে প্রাণ গেল দুই ভারতীয়-সহ তিনজনের। আবুধাবি বিমানবন্দরের খুব কাছেই একটি তেল উৎপাদন সংস্থার কারখানায় ঘটনাটি ঘটে। সূত্রের খবরে বলা হয়েছে তৃতীয় জন একজন পাকিস্তানি। অন্তত ছ'জন গুরুতর জখম হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। ইয়েমেনের শিয়া বিদ্রোহী গোষ্ঠী হুথি এই হামলার দায় স্বীকার করেছে।

**খোলা আকাশের নীচে বইমেলা করার** জন্য ছাড় দিলেও একমাস পিছিয়ে দেওয়া হল কলকাতা পুস্তক মেলা। ৩১ জানুয়ারির পরিবর্তে মেলা ২৮ ফেব্রুয়ারি শুরু করার কথা ঘোষণা করা হয়েছে। বইমেলা নিয়ে এদিন চিকিৎসক ও পাবলিশার্স অ্যান্ড বুক সেলার্স গিল্ডের সঙ্গে আলোচনা করেন রাজ্য সরকার। গিল্ডের সাধারণ সম্পাদক ত্রিদিব চট্টোপাধ্যায় বলেন, 'কোভিড পরিস্থিতি ও বিধাননগরে পুরভোটের জন্যই বইমেলা পিছিয়ে দেওয়া হয়েছে। সল্টলেক সেন্ট্রাল পার্কেই এই মেলা বসবে।'

**পদ্মশ্রী প্রাপ্ত ওড়িশার বিশিষ্ট সমাজকর্মী** শান্তি দেবী (৮৮) প্রয়াত হলেন। তাঁর প্রয়াণে শোকপ্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দশকের পর দশক ধরে গরিব মানুষের জন্য নানা কাজ করেছেন তিনি। নারী শিক্ষার উন্নয়নে দেশ জুড়ে প্রশংসা পেয়েছেন তিনি। মাওবাদী অধ্যুষিত এলাকায় ছয় দশক ধরে সমাজের উন্নয়নে তিনি যে কাজ করে গিয়েছেন তার স্বীকৃতি স্বরূপ গতবছর তাঁকে পদ্মশ্রী দেয় কেন্দ্রীয় সরকার।

**১৮ জানুয়ারি** ভারতীয় রণতরী আইএনএস-রণবীর-এ ভয়াবহ বিস্ফোরণে তিন নৌসেনা প্রাণ হারালেন। মুম্বই নৌসেনা বন্দরের কাছে এই ঘটনা ঘটে। আহত অন্তত ১১ জনকে স্থানীয় নৌসেনা হাসপাতালে ভর্তি করা হয়েছে। নৌবাহিনীর দাবি 'গাইডেড মিসাইল ডেস্ট্রয়ার' গোত্রের এই রণতরীর মধ্যে থাকা ক্ষেপণাস্ত্র বা গোলাবারুদ থেকে ওই বিস্ফোরণ ঘটেনি। বিস্ফোরণের কারণ খুঁজতে তদন্তকারী কমিটি গঠন করেছে নৌসেনা। নৌবাহিনী সূত্রে আরও জানা গিয়েছে রাজপুত ক্লাসের এই ক্ষেপণাস্ত্র-ধ্বংসকারী রণতরীটি গতবছর নভেম্বর পর্যন্ত নৌসেনার ইস্টার্ন কম্যান্ডের হয়ে উপকূলে নজরদারির কাজে বহাল ছিল।

## ফিফার সেরা হলেন লেবনডস্কি




১৮ জানুয়ারি: ফিফার বর্ষসেরা ফুটবলার হিসেবে 'দ্য বেস্ট' ট্রফি পেলেন রবার্ট লেবানডস্কি। এই নিয়ে পরপর দু'বার ফিফার সেরা হলেন বায়ার্ন মিউনিখের খ্যাতনামা এই ফুটবলার। লিওনেল মেসি, মোহাম্মেদ সালাহকে টপকে এবারও সেরার জায়গাটা বজায় রাখলেন পোল্যান্ডের সর্বকালের সেরা ফুটবলার। ৩৩ বছর বয়সি লেবানডস্কি গতবছর মোট ৬৯ গোল করেছেন যা নজির। লেবানডস্কি পেয়েছেন ৪৮ পয়েন্ট, মেসি ও সালাহ যথাক্রমে ৪৪ ও ৩৯ পয়েন্ট পেয়েছেন।

## এবছর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক সশরীরে



১৭ জানুয়ারি: এবছর আসন্ন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা অফলাইনেই হবে বলে জানাল রাজ্য সরকার। মধ্যশিক্ষা পর্ষদ ও উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ পরীক্ষার সময়ে কোভিড-বিধি মানার নানা ব্যবস্থা করবে বলে জানিয়েছে। পরীক্ষার আগেও থাকবে অনলাইনে নানা ব্যবস্থা, যাতে পড়ুয়াদের স্কুলে দৌড়তে না-হয়। এদিন পর্ষদ ও সংসদ সভাপতি যথাক্রমে কল্যাণময় গঙ্গোপাধ্যায় ও চিরঞ্জীব ভট্টাচার্য বলেন, '২০২২ সালের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা নির্দিষ্ট সময়সূচি মেনেই অফলাইনে হবে। এ ব্যাপারে এখনও পর্যন্ত কোনও সংশয় নেই।'

## দক্ষিণ আফ্রিকায় সিরিজ হার হল ভারতের



১৪ জানুয়ারি: জয় দিয়ে শুরু করেও শেষ অবধি দক্ষিণ আফ্রিকায় টেস্ট সিরিজ হার হল ভারতের। সেই সঙ্গে কেপটাউনেও জয় অধরাই থাকল তাদের। এখানে ভারত মোট ৬টি টেস্ট ম্যাচ খেলল এ পর্যন্ত। তার মধ্যে ৪টিতেই হার, ২টি ড্র। কেপটাউন টেস্ট এবং দক্ষিণ আফ্রিকায় টেস্ট সিরিজ হার যে ব্যাটিং ব্যর্থতার জন্যই সেকথা জোর দিয়েই স্বীকার করেছেন অধিনায়ক বিরাট কোহলি। প্রথম ইনিংসে ভারতের ২২৩ রানের জবাবে দক্ষিণ আফ্রিকা ২১০ রানে ইনিংস শেষ করে। ভারতের দ্বিতীয় ইনিংস মাত্র ১৯৮ রানে শেষ হওয়ায় ম্যাচের ভাগ্যও নির্ধারিত হয়ে যায়। ২১২ রান করলে জিতবে এই অবস্থায় চতুর্থ ইনিংস খেলতে নেমে দক্ষিণ আফ্রিকা অনায়াসেই ৩ উইকেট হারিয়ে রান তুলে নেয়। ভারতের বিরুদ্ধে চতুর্থ ইনিংসে রান তাড়া করে তৃতীয়বার জিতল দক্ষিণ আফ্রিকা। এর আগে ইংল্যান্ড, ওয়েস্ট ইন্ডিজ, অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড একবার করে জিতেছে।

# সামনেই WBCS
## প্রস্তুতি শুরু আজ থেকেই

**২০১৯ সালের WBCS পরীক্ষায় সফল ছাত্রছাত্রীদের ২৫%-ই প্রস্তুতি নিয়েছেন RICE-এ**



SOMSANKAR MONDAL
1718/RICE/2458
WBCS 2019, GR-A
EXECUTIVE



ARPITA GHOSAL
1516/RICE/3834
WBCS 2019, GR-A
EXECUTIVE



AKASH KUMAR SAHA
1516/RICE/4841
WBCS 2019, GR-A
FINANCE DEPT.



SOURAB KUMAR PAL
1617/RICE/2952
WBCS 2019, GR-A
FINANCE DEPT.



DEBAJIT GHOSH
1617/RICE/5919
WBCS 2019, GR-A
FINANCE DEPT.



DEBANJAN DUTTA
1617/RICE/4106
WBCS 2019, GR-A
EXECUTIVE



DIPANKAR PAUL
1516/RICE/3749
WBCS 2019, GR-A
FINANCE DEPT.



KAHEKASHAN PERVIN
1415/RICE/5462
WBCS 2019, GR-A
EXECUTIVE



PRADIPTO GHOSH
1415/RICE/15018
WBCS 2019, GR-A
EXECUTIVE



KRISANU THAKUR
1617/RICE/828
WBCS 2019, GR-A
EXECUTIVE



MRINMOYEE CHATTERJEE
1516/RICE/7295
WBCS 2019, GR-A
EXECUTIVE



PRADIP HEMBRAM
1617/RICE/7644
WBCS 2019, GR-A
FINANCE DEPT.



URMI RANI SHEET
1617/RICE/8937
WBCS 2019, GR-A
FINANCE DEPT.



SUCHANDAN BAIDYA
1718/RICE/7205
WBCS 2019, GR-A
EXECUTIVE



SAHINA KHATUN
1415/RICE/10830
WBCS 2019, GR-A
FINANCE DEPT.



ARINDAM CHAKRABORTY
1314/RICE/9452
WBCS 2019, GR-B
HOME & HILL AFFAIRS DEPT.



CHANDRAA BISWAS
1213/RICE/5588
WBCS 2019, GR-B
HOME & HILL AFFAIRS DEPT.



RAHUL BARMAN
1516/RICE/7906
WBCS 2019, GR-B
HOME & HILL AFFAIRS DEPT.

**সাফল্যের তালিকায় নিজের নাম দেখতে হলে**
**আজই যোগাযোগ করুন 98747 12112**

বেলঘরিয়া (হেড অফিস) 84799 02085 / 84799 18051 | শিয়ালদহ (সিটি অফিস) 84799 18013 / 84799 17959
বেহালা 84799 17961 | সোনারপুর 84799 17962 | হাওড়া ময়দান 84799 17956 | বারাসাত 84799 00574
শিলিগুড়ি 84799 17965 | কোচবিহার 84799 00576 | দুর্গাপুর 84799 00578 | আসানসোল 84799 00577
বর্ধমান 84799 00575 | বহরমপুর 84799 17952 | মালদহ 84799 17953 | মেদিনীপুর 84799 17954
খড়্গপুর 84799 17955 | তমলুক 84799 17957

follow us on | www.ricesmart.in

RICE EDUCATION | ricesmart
TOGETHER IN SUCCESS


স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in